

# অভিবাসীদের জন্য জনসমাজ-ভিত্তিক সংস্থাগুলির একটি নির্দেশিকা

*মিড-ওয়েস্ট অঞ্চল*

*2019*

Bengali

# সূচিপত্র

নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগের দ্বিভাষিক শিক্ষা ও বিশ্বজনীন ভাষাগুলির অফিসের (New York State Education Department's Office of Bilingual Education and World Languages) পক্ষ থেকে একটি বার্তা ..... i

সাম্প্রতিক অভিবাসন-সংক্রান্ত পদক্ষেপগুলির নির্দেশনা ..... iii

এই নির্দেশিকাটি কীভাবে ব্যবহার করতে হয় ..... iv

সংস্থার ডাইরেক্টরি ..... 1

1. Catholic Family Center (Rochester, NY) ..... 1
2. Empire Justice Center (Rochester, NY) ..... 1
3. IBERO American Action League (Rochester, NY) ..... 1
4. Islamic Center of Rochester (Rochester, NY) ..... 1
5. Lake Avenue Baptist Church (Rochester, NY) ..... 2
6. Mary’s Place (Northwest Rochester, NY) ..... 2
7. Mercy Bridges (Rochester, NY) ..... 2
8. PathStone Corporation (Rochester, NY) ..... 2
9. Refugees Helping Refugees (Rochester, NY) ..... 3
10. Rochester City School District Bilingual Education Council (Rochester, NY) ..... 3
11. Rochester Refugee Resettlement Services (Rochester, NY) ..... 3
12. Rochester Rehabilitation Employment Services (Rochester, NY) ..... 3
13. Saathi of Rochester, Inc. (East Rochester, NY) ..... 4
14. Saint’s Place (Pittsford, NY) ..... 4
15. Somali Community Outreach & Education Center, Inc. (Rochester, NY) ..... 4
16. Worker Justice Center of New York, Inc. (Rochester, NY) ..... 4

স্টেটব্যাপী সংস্থান ..... 5

স্টেটব্যাপী জনসমাজ-ভিত্তিক সংস্থাসমূহ ..... 6

কৃতজ্ঞতা স্বীকার ..... 8

*অভিবাসীদের জন্য জনসমাজ-ভিত্তিক সংস্থাগুলির একটি নির্দেশিকা* সর্বজনীন সংস্থান হিসেবে প্রদান করা হয়। নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগ (New York State Education Department, NYSED) কোনো তালিকাভুক্ত সংস্থার পরিষেবার মান নিয়ন্ত্রণ করে না বা তার নিশ্চয়তা দেয় না, এবং কোনো সংস্থার উল্লেখকে NYSED দ্বারা সংস্থাটি ও তার পরিষেবার সমর্থন বা ইঙ্গিত হিসেবে বিবেচনা করা যায় না।

* সংস্থাটি সবাইকে পরিষেবা প্রদান করে, ধর্মীয় সম্বন্ধ নির্বিশেষে।

# নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগের দ্বিভাষিক শিক্ষা ও বিশ্বজনীন ভাষাগুলির অফিসের (New York State Education Department's Office of Bilingual Education and World Languages) পক্ষ থেকে একটি বার্তা

বহুভাষী শিক্ষার্থী/ইংরেজি ভাষা শিক্ষার্থীরা (MLLs/ELLs) যাতে ভালভাবে সমর্থন পায় ও উন্নতিলাভ করতে পারে তা সুনিশ্চিত করার জন্য মা-বাবা, অভিভাবক এবং মা-বাবার মতো সম্পর্ক থাকা অন্যান্য মানুষদের একটি অবহিত, ক্ষমতাপ্রাপ্ত সমাজ থাকা অত্যাবশ্যক। নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগের (New York State Education Department) দ্বিভাষিক শিক্ষা ও বিশ্বজনীন ভাষাগুলির অফিস (Office of Bilingual Education and World Languages, OBEWL) ***অভিবাসীদের জন্য জনসমাজ-ভিত্তিক সংস্থাগুলির একটি নির্দেশিকা তৈরি করেছে*** যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে সংস্থাগুলির একটি তালিকা প্রদান করে। প্রতিটি সংস্থা বিভিন্ন ধরনের পরিষেবা দেয়। এই পরিষেবাগুলির মধ্যে কয়েকটি হল পরামর্শদান ও সমাজের অংশগ্রহণ, স্বাস্থ্য পরিচর্যা ও বীমা, আবাসন, শ্রম ও কর্মসংস্থান, আইনি পরিষেবা ও আইনি মর্যাদা, সর্বজনীন সহায়তা, নিরাপত্তা, এবং যুবসমাজ ও শিক্ষা, যা মা-বাবা ও সমাজের জন্য উপযোগী হতে পারে।

OBEWL নিউ ইয়র্ক স্টেট জুড়ে MLLs/ELLs ও তাদের পরিবারগুলিকে সহায়তা করতে প্রতিশ্রুতিবদ্ধ। MLLs/ELLs এর মা-বাবা ও প্রাক্তন MLLs/ELLs-কে এই সংস্থাগুলির সঙ্গে যোগাযোগ করতে উৎসাহিত করা হয়, যখন তাদের সহায়তার প্রয়োজন হয়। পরিবারগুলির প্রয়োজনকে সমর্থন দেওয়া হলে, শিশুরা পঠনপাঠনের সাফল্য অর্জন করা এবং কলেজ ও কর্মজীবনের জন্য প্রস্তুত হওয়ার জন্য একটি ভিত্তির ওপরে গড়ে উঠতে পারে।

OBEWL MLLs/ELLs এর মা-বাবাদের জন্য অনেক সংস্থান প্রস্তুত করেছে যেগুলিকে আপনি উপযোগী মনে করতে পারেন:

- ***বহুভাষী শিক্ষার্থী/ইংরেজি ভাষা শিক্ষার্থীদের মা-বাবার সংস্থান-*** এখানে আপনি এই বিষয়ে তথ্য পাবেন যে শিশুদের কীভাবে MLLs হিসেবে সনাক্ত করা হয়, MLLs/ELLs এর জন্য কোন ধরনের কার্যক্রম উপলব্ধ আছে, শিক্ষার্থীরা কখন MLLs/ELLs কার্যক্রম ও পরিষেবা থেকে প্রস্থান করতে পারে এবং মা-বাবারা কীভাবে স্থানীয় স্কুলগুলির কাছ থেকে অতিরিক্ত তথ্য, উপাদান ও সংস্থান পেতে পারেন। http://www.nysed.gov/bilingual-ed/english-language-learnermultilingual-learner-parent-resources
- ***নিউ ইয়র্ক স্টেটে বহুভাষী শিক্ষার্থী/ইংরেজি ভাষা শিক্ষার্থীদের মা-বাবার জন্য একটি নির্দেশিকা -*** এটি একটি দশ পাতার পুস্তিকা যেখানে অন্তর্ভুক্ত আছে একটি নতুন ভাষা কার্যক্রম হিসেবে দ্বিভাষিক শিক্ষা ও ইংরেজির বর্ণনা, MLLs/ELLs সম্বন্ধে প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্ন, দ্বিভাষিকতা ও দ্বিভাষী শিক্ষা সম্বন্ধে তথ্য, MLL/ELL-এর মা-বাবাদের জন্য সংস্থানগুলির লিংক, এবং "আপনার শিশুর শিক্ষায় অংশগ্রহণ করা" বিষয়ক পরামর্শ। এই পুস্তিকাটি পঁচিশটি ভাষায় অনুবাদ করা হয়েছে, যার অন্তর্ভুক্ত হল NYS এ MLL/ELL-দের দশটি শীর্ষ বাড়ির ভাষা। http://www.nysed.gov/bilingual-ed/guide-parents-english-language-learnersmultilingual-learners-new-york-state
- ***মা-বাবার অধিকারসমূহের বিল-*** এই নথিটি MLL/ELL ও তাদের মা-বাবাদের জন্য শিক্ষামূলক সুযোগলাভ ও কার্যক্রমের প্রসঙ্গে অত্যাবশ্যক অধিকারগুলির সারাংশ প্রদান করে। এই মূল অধিকারগুলিকে সহজে রেফার করা যায় এমন এক পাতার ফরম্যাটে সারাংশ দেওয়া হয়েছে এবং সাতাশটি ভাষায় অনুবাদ করা হয়েছে। http://www.nysed.gov/bilingual-ed/parents-bill-rights-new-york-states-english-language-learnersmultilingual-learners-ell
- ***বহুভাষী শিক্ষার্থী/ইংরেজি ভাষা শিক্ষার্থীদের মা-বাবার জন্য হটলাইন-*** MLLs/ELLs-এর মা-বাবা, অভিভাবক এবং মা-বাবার মতো সম্পর্ক থাকা অন্য মানুষদেরকে কমিশনারের বিধিনিয়ম 154 অনুযায়ী তাদের সন্তানদের অধিকার ও পরিষেবাগুলি

সম্বন্ধে তথ্য দেওয়ার জন্য এই হটলাইন তৈরি করা হয়েছে। এটি এই পরিষেবাগুলি প্রদান সম্বন্ধে সুনির্দিষ্ট প্রশ্নগুলির জবাব দেওয়ার একটি কর্মপন্থাও প্রদান করে। **ফোন নম্বর:** (800) 469-8224 https://steinhardt.nyu.edu/metrocenter/ellparenthotline

- ***NYSITELL ও NYSESLAT মা-বাবাদের নির্দেশিকা-*** এই নির্দেশিকাগুলি মূল্যায়নগুলির মধ্যে থেকে দুটির ব্যাখ্যা দেয় যেগুলি সেইসকল শিক্ষার্থীর ইংরেজি ভাষার স্তর/দক্ষতা মূল্যায়ন করে যাদের বাড়ির ভাষা বা মুখ্য ভাষা ইংরেজি ছাড়া অন্য কিছু। এই নির্দেশিকাগুলিকে বাইশটি ভাষায় অনুবাদ করা হয়েছে। http://www.nysed.gov/bilingual-ed/nysitell-and-nyseslat-parent-guides
- **মা-বাবার ওরিয়েন্টেশন ভিডিও: *নিউ ইয়র্ক স্টেটে বহুভাষী শিক্ষার্থী/ইংরেজি ভাষা শিক্ষার্থী কার্যক্রমগুলি 10টি ভাষায় উপলব্ধ-*** এই হোয়াইটবোর্ড অ্যানিমেশন ভিডিওটি MLL/ELL সনাক্তকরণ ও মূল্যায়ন প্রক্রিয়াকে বর্ণনা করে এবং উপলব্ধ বিভিন্ন কার্যক্রমের বিকল্পগুলিকে সবিস্তারে বর্ণনা করে। এটি নতুন ভাষা হিসেবে ইংরেজি এবং বিভিন্ন বহুভাষিক শিক্ষা কার্যক্রমের মডেলগুলির মধ্যে পার্থক্যগুলিকেও বর্ণনা করে।

  http://www.nysed.gov/bilingual-ed/parent-orientation-video-english-language-learner-ell-programs-new-york-state.

  ভিডিও আখ্যানের পাঠ্যটি অতিরিক্ত 9টি ভাষাতেও পাওয়া যায়

  http://www.nysed.gov/bilingual-ed/parent-orientation-video-english-language-learner-ell-programs-new-york-state
- ***বহুভাষী শিক্ষার্থী/ইংরেজি ভাষা শিক্ষার্থীদের জন্য কলেজের পথচিত্র-*** নিউ ইয়র্ক স্টেটে বহুভাষী শিক্ষার্থী/ইংরেজি ভাষা শিক্ষার্থীদের জন্য কলেজে প্রবেশের নির্দেশিকা।

  http://www.nysed.gov/bilingual-ed/roadmap-college
- এছাড়াও নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগের (New York State Education Department) প্রতিটি অফিস মা-বাবাদের সহায়তা দেওয়ার জন্য অনেক সংস্থান তৈরি করেছে। বিভাগের সবগুলি অফিসের একটি তালিকা পেতে অনুগ্রহ করে দেখুন: http://www.nysed.gov/about/program-offices

# সাম্প্রতিক অভিবাসন-সংক্রান্ত পদক্ষেপগুলির নির্দেশনা

**আমাদের স্কুলগুলি যাতে নিরাপদ আশ্রয় হয় যেখানে সব শিক্ষার্থী শিক্ষালাভ করতে পারে, তা সুনিশ্চিত করতে নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগ (New York State Education Department) প্রতিশ্রুতিবদ্ধ। NYSED এর সঙ্গে নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেলের অফিস অভিবাসী শিক্ষার্থীদের সুরক্ষা দেওয়ার জন্য নিম্নলিখিত নির্দেশনা প্রদান করেছে।**

*অভিবাসনের অবস্থা সম্বন্ধে তথ্য:*

- নিউ ইয়র্ক স্টেটে শিক্ষা আইনে বলা আছে যে পাঁচ বছরের বেশি ও একুশ বছরের কম বয়সী সব শিশু যারা হাই স্কুলের ডিপ্লোমা পায় নি তারা নাগরিকত্ব বা অভিবাসনের অবস্থা নির্বিশেষে, শিক্ষার মূল্য প্রদান না করে, যে স্কুল ডিস্ট্রিক্টে বসবাস করে সেখানে সরকারী স্কুলে পড়াশোনা করার অধিকারী।
- প্লাইলার বনাম ডো মামলায় সুপ্রিম কোর্ট আদেশ দিয়েছিল যে স্কুল ডিস্ট্রিক্টগুলি শিশুদেরকে তাদের অথবা তাদের মা-বাবা বা অভিভাবকের নথিবিহীন বা অ-নাগরিক অবস্থার ভিত্তিতে বিনামূল্যে সরকারী শিক্ষা দিতে অস্বীকার করতে পারে না।
- নিবন্ধনের সময় স্কুলগুলির এমন প্রশ্ন করা উচিত নয় যা একটি শিশুর অভিবাসনের অবস্থা প্রকাশ করতে পারে, যেমন সামাজিক সুরক্ষা নম্বরের জন্য অনুরোধ করা।
- শিক্ষার্থীদের সঙ্গে সাক্ষাৎ করা বা তাদের সাক্ষাৎকার নেওয়া, বা শিক্ষার্থীর রেকর্ডে প্রবেশাধিকার পাওয়া সমেত, U.S. ইমিগ্রেশন ও কাস্টমস এনফোর্সমেন্ট (Immigration and Customs Enforcement, ICE) এর পক্ষ থেকে অনুসন্ধানের প্রসঙ্গে, স্কুল ডিস্ট্রিক্টেরকর্মীদের উচিত অবিলম্বে তাদের সুপারিন্টেন্ডেন্ট ও স্কুল অ্যাটর্নিদের সঙ্গে পরামর্শ করা, যাতে নির্ধারণ করা যায় যে এই ধরনের কোনো অনুরোধ রক্ষা করা হলে স্কুল ডিস্ট্রিক্টটি নিউ ইয়র্ক পারিবারিক আদালত আইন (New York Family Court Act, NYFCA) ও ফেডারাল পরিবারের শিক্ষামূলক অধিকার ও গোপনীয়তা আইন (Family Educational Rights and Privacy Act, FERPA) সমেত সাধারণ প্রয়োগযোগ্যতার কোনো আইন লংঘন করতে পারে কিনা।

*স্কুলে বৈষম্য, হয়রানি ও উৎপীড়নের প্রসঙ্গে তথ্য:*

- শিক্ষার্থীদেরকে স্কুলের সম্পত্তির মধ্যে, স্কুলের একটি বাসে, ও/বা স্কুলের কোনো অনুষ্ঠানে বৈষম্য, হয়রানি ও উৎপীড়ন থেকে মুক্ত, একটি নিরাপদ ও সহায়তামূলক পরিবেশ প্রদানের জন্য নিউ ইয়র্কের সকল শিক্ষার্থীর জন্য মর্যাদা আইনটি (Dignity for All Students Act, DASA) 2012 সালে স্বাক্ষরিত হয়ে আইনের মর্যাদা পেয়েছিল এবং 2013 সালে এটিকে সংশোধন করে সাইবার উৎপীড়নকেও এর অন্তর্ভুক্ত করা হয়েছিল।
- যে সব ডিস্ট্রিক্ট, মা-বাবা ও অভিভাবকের DASA প্রসঙ্গে কোনো প্রশ্ন আছে, তাদেরকে NYSED সহায়তা দেয়। এখানে বিভাগটির সঙ্গে যোগাযোগ করা যায়:
  - অফিস অফ বাইলিঙ্গুয়াল এডুকেশন অ্যান্ড ওয়ার্ল্ড ল্যাঙ্গুয়েজেস (Office of Bilingual Education and World Languages) (718) 722-2445 নম্বরে অথবা ই-মেলেobewl@nysed.gov ।
  - অফিস অফ স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস (Office of Student Support Services) (518) 486-6090 নম্বরে অথবা ই-মেলে studentsupportservices@nysed.gov ঠিকানায়।
  - ভাষা সহায়তার জন্য ভাষাগত আঞ্চলিক দ্বিভাষিক শিক্ষা সংস্থান নেটওয়ার্ক (Language Regional Bilingual Education Resource Network, RBERN) এর মা-বাবাদের হটলাইনে যোগাযোগ করুন (800) 469-8224 নম্বরে বা nysparenthotline@nyu.edu এ।
- এই যোগাযোগের নথি ও অনুবাদগুলির একটি বিধিবদ্ধ কপির জন্য অনুগ্রহ করে দেখুন: http://www.nysed.gov/bilingual-ed/information-regarding-recent-immigration-related-actions.

*নিয় ইয়র্ক গভর্নরের অফিসের পক্ষ থেকে নির্দেশনা:*

- গভর্নর অ্যানড্রু এম. কুওমো দ্বারা স্বাক্ষরিত কার্যনির্বাহী আদেশ 170 অনুযায়ী নিউ ইয়র্ক স্টেটে এজেন্সি ও অফিসারদের দ্বারা কোনো ব্যক্তির অভিবাসনের অবস্থা সম্বন্ধে জিজ্ঞাসা করা বা তা প্রকাশ করা নিষিদ্ধ, যদি না তা আইন অনুযায়ী আবশ্যক হয় কিংবা কোনো সুবিধা বা পরিষেবার যোগ্যতা নির্ধারণের জন্য তা প্রয়োজনীয় হয়। আইন বলবৎকারী অফিসাররাও এর অন্তর্ভুক্ত, যদি না তারা কোনো অপরাধমূলক কার্যকলাপের তদন্ত করেন। কার্যনির্বাহী আদেশটি এখানে দেখুন: https://www.governor.ny.gov/news/governor-cuomo-signs-executive-order-prohibiting-state-agencies-inquiring-about-immigration.

❖ নিউ ইয়র্ক স্টেট গভর্নরের অফিস অভিবাসীদের জন্য পুনরায় তার সমর্থন পুনর্নিশ্চিত করেছে এবং কিছু উদ্যোগের ঘোষণা করেছে, যেমন সম্ভাব্য ঘৃণাজনিত অপরাধের তদন্ত করার জন্য একটি নতুন স্টেট পুলিশ ঘৃণাজনিত অপরধ ইউনিট (Hate Crimes Unit) তৈরি করা, স্টেট ব্যাপী সব শিক্ষার্থীকে সুরক্ষা দেওয়ার জন্য নিউ ইয়র্কের মানবাধিকার আইনকে প্রসারিত করা এবং সব অভিবাসী যাতে তথ্য ও প্রতিনিধিত্বের সুযোগ পায় তা সুনিশ্চিত করার জন্য নতুন আমেরিকান ও অভিবাসীদের আইনি প্রতিরক্ষা তহবিল (New Americans and Immigrant Legal Defense Fund) এর অফিস প্রতিষ্ঠা করা। গভর্নরের বক্তব্যটি এখানে দেখুন: https://www.ny.gov/programs/we-are-all-immigrants.

# এই নির্দেশিকাটি কীভাবে ব্যবহার করতে হয়

**নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগ (New York State Education Department) দৃঢ়ভাবে বিশ্বাস করে যে শিশুর শিক্ষা শুধু শ্রেণীকক্ষেই হয় না, বরং তার বাড়িতে ও সমাজেও সে শিক্ষালাভ করে। এই ডাইরেক্টরি মিড-ওয়েস্ট অঞ্চলের সম্প্রদায়-ভিত্তিক সংস্থাগুলির একটি তালিকা প্রদান করে যা বিভিন্ন প্রকারের পরিষেবা প্রদান করে, যেগুলি অভিবাসী নিউ ইয়র্ক বাসীদের জন্য উপযোগী হতে পারে।**

❖ ডাইরেক্টরিতে সংস্থার নাম, অবস্থান, যোগাযোগের তথ্য, প্রদত্ত পরিষেবাগুলির সংক্ষিপ্ত বর্ণনা, এবং এই পরিষেবাগুলি যে ভাষাগুলিতে প্রদান করা হয় তার তালিকা দেওয়া হয়।

❖ সংস্থাগুলিকে বর্ণমালার ক্রমানুসারে সাজানো হয়।

❖ বেশির ভাগ তালিকাভুক্ত পরিষেবা বিনামূল্য। তবে, কতগুলি তা নয়। কোনো সংস্থার পরিষেবা ব্যবহার করার আগে আপনার সবসময় খরচ নিশ্চিতভাবে জেনে নেওয়া উচিত।

❖ কার্যক্রমগুলির লভ্যতা নিশ্চিত করার জন্য আপনাকে আগেই সংস্থায় ফোন করার পরামর্শ দেওয়া হয়।

**প্রতিটি সংস্থার পাশে হাইলাইট করা প্রতীকগুলি সেটির দ্বারা প্রদান করা পরিষেবাগুলির পরিচায়ক।**

| | |
|---|---|
| পরামর্শদান ও সমাজের অংশগ্রহণ | আইনি পরিষেবা ও আইনি মর্যাদা |
| স্বাস্থ্য পরিচর্যা ও বীমা | সরকারী সহায়তা |
| আবাসন | নিরাপত্তা |
| শ্রম ও কর্মসংস্থান | যুবসমাজ ও শিক্ষা |

# সংস্থার ডাইরেক্টরি

1. **Catholic Family Center (Rochester, NY)**
   ভাষা: ইংরেজি, হিন্দী, হাঙ্গেরিয়ান, রোমানিয়ান, স্প্যানিশ
   87 N. Clinton Ave., Rochester, NY 14604
   ফোন: (585) 546-7220
   https://www.cfcrochester.org/our-services/welcoming-refugees/
   অবস্থার অভিযোজন, নাগরিকত্বের অধিকারপ্রাপ্তি, পরিবারকে পুনরায় একত্রীকরণ, এবং আইনি পরামর্শের মতো অভিবাসন পরিষেবাগুলি প্রদান করে। একটি শরণার্থী পুনর্বাসন কর্মসূচি, কর্মসংস্থানের দক্ষতার ক্লাস, ও ভাষা পরিষেবাও আছে। অন্যান্য সাধারণ পরিষেবাগুলির অন্তর্ভুক্ত হল আবাসন সহায়তা, খাবার, মানসিক স্বাস্থ্য সংক্রান্ত পরামর্শদান, ও প্রবীণ মানুষদের জন্য পরিষেবা। ধর্ম নির্বিশেষে সবাই।

2. **Empire Justice Center (Rochester, NY)**
   ভাষা: ইংরেজি, স্প্যানিশ, কিন্তু এমন প্রযুক্তি আছে যা অন্য ভাষাগুলির জন্যও অনুবাদ করতে পারে
   One West Main Street Ste. 200, Rochester, NY 14614
   ফোন: (585) 454-4060
   https://empirejustice.org/
   বিভিন্ন এলাকায় নিউ ইয়র্কের যারা গরীব, প্রতিবন্ধী বা বঞ্চিত অধিবাসীদের আইনি অধিকারগুলিকে শক্তিশালী করার জন্য মামলা, নীতি, ও প্রশিক্ষণের সাথে জড়িত। অপরাধের শিকার হওয়া অভিবাসীদের ওপরে মনোযোগ সমেত, অভিবাসন পরিষেবা, যার অন্তর্ভুক্ত হল সরকারী সুবিধা সহায়তা এবং প্রতিনিধিত্ব ও প্রযুক্তিগত সহায়তা।

3. **IBERO American Action League (Rochester, NY)**
   ভাষা: ইংরেজি, স্প্যানিশ
   817 East Main St., Rochester, NY 14605
   ফোন: (585) 256-8900
   http://iaal.org/
   শিশু, যুবসমাজ, মা-বাবা, এবং বিকাশজনিত অক্ষমতাযুক্ত মানুষদের জন্য পরিষেবা প্রদান করে, যার অন্তর্ভুক্ত হল একটি প্রাথমিক শৈশবের শিক্ষা কেন্দ্র, পারিবারিক পরিষেবা সহায়তা, মেন্টরিং, স্বাস্থ্য ব্যবস্থাপনা, আবাসন ভাড়ার ক্ষেত্রে সহায়তা, খাবারের কর্মসূচি, রেফারাল ও পুনর্বাসন কর্মসূচি।

4. **Islamic Center of Rochester (Rochester, NY)**
   ভাষা: আরবী, ইংরেজি
   727 Westfall Rd., Rochester, NY 14620
   ফোন: (585) 442-0117
   http://www.theicr.org/
   রচেস্টার এলাকায় মুসলিমদের ইসলামী শিক্ষা, নির্দেশনা, ও ধর্মীয় পরিষেবা প্রদান করে। এর অন্তর্ভুক্ত হল সম্প্রদায়ের অনুষ্ঠান, আর্থিক সহায়তা, যুব ও প্রাপ্তবয়স্কদের শিক্ষা, ও ফোরামগুলি।

5. **Lake Avenue Baptist Church (Rochester, NY)**
ভাষা: বার্মিজ, চীন, ইংরেজি, ফরাসি, জার্মান, কাচিন, কারেন, কারেনি, স্প্যানিশ
72 Ambrose St., Rochester, NY 14608
ফোন: (585) 458-5765
http://www.lakeavebaptist.org/
খ্রিস্টান সার্ভিস ও মিনিস্ট্রি সমেত একটি বহু-সাংস্কৃতিক আমেরিকান ব্যাপ্টিস্ট চার্চ। কেস ম্যানেজমেন্ট ও অন্যান্য জনসমাজের গোষ্ঠী ও কর্মসূচির সাথে একটি বার্মিজ শরণার্থী আউটরীচ প্রোগ্রাম আছে।

6. **Mary's Place (Northwest Rochester, NY)**
ভাষা: ইংরেজি
414 Lexington Ave., Rochester, NY 14613
ফোন: (585) 270-8626
http://www.marysplaceoutreach.org/
একটি শরণার্থী আউটরীচ কেন্দ্র যা ইংরেজি ক্লাস, কেস ম্যানেজমেন্ট পরিষেবা, এবং খাদ্য ও পোশাক বিতরণের মতো পরিষেবাগুলি প্রদান করে।

7. **Mercy Bridges (Rochester, NY)**
ভাষা: ইংরেজি
1437 Blossom Rd., Rochester, NY 14610
ফোন: (585) 288-2710
http://www.mercybridges.org/
রচেস্টার অঞ্চলে শরণার্থী ও অভিবাসীদের ইংরেজি পড়া ও লেখায় স্বেচ্ছাসেবী শিক্ষণ প্রদান করে।

8. **PathStone Corporation (Rochester, NY)**
ভাষা: ইংরেজি, স্প্যানিশ
400 East Ave., Rochester, NY 14607
ফোন: (800) 888-6770
https://pathstone.org/
কর্মীবাহিনীর উন্নয়ন, হেড স্টার্ট কর্মসূচি, চাকরির নিরাপত্তা, নেশাদ্রব্য সেবন প্রতিরোধ, জরুরি পরিষেবা, জনসমাজের উন্নয়ন, ও আবাসন পরিষেবা প্রদান করে।

9. **Refugees Helping Refugees (Rochester, NY)**
ভাষা: আরবী, ইংরেজি, ফরাসি, সোমালি, সোয়াহিলি
259 Rutgers St., Rochester, NY 14607
ফোন: (585) 563-7747
https://rhrroc.org/
শরণার্থী ও অভিবাসীদের জন্য পরিষেবা প্রদান করে, যেমন অন্যান্য ভাষাভাষীদের জন্য ইংরেজি ক্লাস, কেস ম্যানেজমেন্ট, বৃত্তিমূলক প্রশিক্ষণ, ও প্রবীণ মানুষদের জন্য পরিষেবা।

10. **Rochester City School District Bilingual Education Council (Rochester, NY)**
ভাষা: ইংরেজি, স্প্যানিশ
131 W. Broad St., Rochester, NY 14614
ফোন: (585) 324-9999
https://www.rcsdk12.org/bec
মা-বাবাদেরকে তাদের সন্তানদের জন্য সহায়তা দেওয়া ও পক্ষসমর্থনের জন্য উপকরণ প্রদান করে এবং শহরের স্কুল ডিস্ট্রিক্টের মধ্যে কার্যকরী দ্বিভাষিক কর্মসূচিকে সহায়তা দেয়।

11. **Rochester Refugee Resettlement Services (Rochester, NY)**
ভাষা: আরবী, ইংরেজি, ফরাসি, ঘানাইয়ান, হিন্দী, কারেন, কারেনি, নেপালী, পাশতো, সোমালি
759 Dewey Ave., Rochester, NY 14613
ফোন: (585) 319-3134
https://www.rochesterrefugeenetwork.org/rrrs/
শরণার্থীদের জন্য সর্বাঙ্গীণ পরিষেবা ও সংস্থান প্রদান করে, যেমন চিকিৎসাগত প্রশিক্ষণ কর্মসূচি, ইংরেজি ক্লাস, গাড়িচালকদের শিক্ষা, পরিবহন সংস্থান, এবং জনসমাজের কর্মসূচি প্রদান করে। সাক্ষরতা কর্মসূচি, জাতিগত সম্প্রদায়, এবং কলেজ ও বিশ্ববিদ্যালয়ের সংস্থান সমেত জনসমাজের কর্মসূচিগুলির সঙ্গেও সংযুক্ত করতে পারে।

12. **Rochester Rehabilitation Employment Services (Rochester, NY)**
ইংরেজি ছাড়া অন্যান্য ভাষাগুলি অনুরোধক্রমে উপলব্ধ
1357 University Ave Rochester, NY 14607
ফোন: (585) 263-2690
https://www.rochesterrehab.org/employment-connection
5 বছরের কম সময় দেশে আছেন এমন শরণার্থীদের জন্য কর্মসংস্থান পরিষেবা, চাকরির দক্ষতা প্রশিক্ষণ ও শিক্ষা।

**13. Saathi of Rochester, Inc. (East Rochester, NY)**

ভাষা: বাংলা, ইংরেজি, গোর্খি, গুজরাটি, হিন্দী, কন্নড়, মালয়ালম, মারাঠী, পাঞ্জাবি, তামিল, তেলুগু, উর্দু ও অন্যান্য দক্ষিণ এশীয় ভাষা

P.O. Box #92, East Rochester, NY 14445-9998

ফোন: (585) 234-1050

https://www.saathiofrochester.org/

সাংসারিক নির্যাতনের সম্মুখীন হয়ে থাকতে পারেন এমন দক্ষিণ এশীয়দের জন্য পরিষেবা প্রদান করে। পরিষেবাগুলির অন্তর্ভুক্ত হল একটি সাহায্য লাইন, জরুরি পরিস্থিতিতে হস্তক্ষেপ, সুরক্ষা পরিকল্পনা, অভিবাসন পরিষেবা, আইনি সহায়তা ও আদালতে সাহচর্য, নিরাপদ আবাসন ও পুনর্বাসন সহায়তা, শিক্ষা ও কর্মজীবন সংক্রান্ত পরামর্শদান, আর্থিক পরামর্শ, এবং পক্ষসমর্থন ও রেফারাল।

**14. Saint's Place (Pittsford, NY)**

ভাষা: ইংরেজি

467 South Main St., Pittsford, NY 14534

ফোন: (585) 385-6860

http://www.saintsplace.org/

নতুন পরিবারগুলিকে মনরো কাউন্টি অঞ্চলে স্থিতু হতে সাহায্য করার জন্য পোশাক ও আসবাবপত্র/ঘরোয়া জিনিসপত্র প্রদান করে, প্রাপ্তবয়স্কদের জন্য দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি ক্লাস, নাগরিকত্বের প্রয়োজনীয়তা এবং চাকরির আবেদনে সহায়তা, এছাড়াও শিশুদের জন্য শিক্ষণ প্রদান করে।

**15. Somali Community Outreach & Education Center, Inc. (Rochester, NY)**

ভাষা: আরবী, ইংরেজি, সোমালি

207 Tremont St., Rochester, NY 14608

ফোন: (585) 694-1283

বুরুন্ডি, বর্মা, ইরাক ও আফগানিস্তানের মত দেশগুলি থেকে আসা শরণার্থী ও অভিবাসীদের জন্য কর্মসূচি প্রদান করে। কর্মসূচিগুলির অন্তর্ভুক্ত হল কর্মসংস্থানের রেফারাল, অনুবাদ ও দোভাষী, স্কুল-পরবর্তী কর্মসূচি, যুবসমাজের কর্মসূচি, আবাসন সহায়তা, শিশু পরিচর্যা, পরিবহন, কেস ম্যানেজমেন্ট ও পরামর্শদান, ও নাগরিকত্ব পরিষেবা।

**16. Worker Justice Center of New York, Inc. (Rochester, NY)**

ভাষা: ইংরেজি, স্প্যানিশ

1187 Culver Rd., Rochester, NY 14609

ফোন: (585) 325-3050

http://www.wjcny.org/

কর্মীদের পক্ষসমর্থন, কর্মস্থলের সুরক্ষা, গার্হস্থ্য হিংসা ও মানব পাচারের ক্ষেত্রে আইনি পরিষেবা ও ওকালতি প্রদান করে। জনসমাজের অংশগ্রহণমূলক কর্মসূচি ও আইনি শিক্ষাও আছে, যেমন আপনার অধিকারগুলি জানুন কর্মশালা।

# স্টেটব্যাপী সংস্থান

**নিউ ইয়র্ক স্টেট অভিবাসী সংস্থান নির্দেশিকা**

**https://www.ny.gov/we-are-all-immigrants/new-york-state-immigrant-resource-guide**

নিউ ইয়র্ক স্টেট অভিবাসী সংস্থান নির্দেশিকা স্টেটের সরকারী সংস্থাগুলির একটি সর্বাঙ্গীণ তালিকা প্রদান করে যেগুলি ভাষাগত প্রাপ্তিসাধ্যতা, অপরাধ ও বৈষম্য, আইনি পরিষেবা, উপভোক্তা সুরক্ষা, স্বাস্থ্য পরিষেবা, আর্থিক সহায়তা, ও সমাজের অংশগ্রহণের ক্ষেত্রে পরিষেবা দিতে পারে।

**2-1-1 New York**

**https://211nys.org/**

আপনাকে স্বাস্থ্য ও মানব পরিষেবাগুলির সঙ্গে সংযুক্ত করে, সঙ্কটকালীন নয় এমন তথ্য পরিষেবার জন্য আপনার ফোনে 211 বিনামূল্যে ডায়াল করুন। অপারেটররা অনেক ভাষায় উপলব্ধ আছেন। তাদের পরিষেবাগুলির ডেটাবেস অনলাইনে পাওয়া যায়।

**Boards of Cooperative Educational Services (BOCES) of New York State**

**https://www.boces.org/**

BOCES "বিগ ফাইভ" (নিউ ইয়র্ক সিটি, বাফেলো, রচেস্টার, ইয়ংকার ও সাইরাকিউজ) বাদে প্রায় সবগুলি স্কুল ডিস্ট্রিক্টের ভাগীদারী শিক্ষামূলক কার্যক্রম ও পরিষেবা প্রদান করে। তাদের কিছু পরিষেবার মধ্যে অন্তর্ভুক্ত আছে হাই স্কুল শিক্ষার্থীদের জন্য কর্মজীবন সংক্রান্ত ও প্রযুক্তিমূলক কার্যক্রম, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য পরিষেবা, গ্রীষ্মকালীন স্কুল, এবং প্রাপ্তবয়স্কদের জন্য সাক্ষরতা ও কর্মসংস্থান প্রশিক্ষণ কার্যক্রম। ওপরের তালিকায় দেওয়া ওয়েবসাইটে আপনার স্থানীয় BOCES খুঁজে নিন।

**নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার বিভাগ (New York State Division of Human Rights, DHR)**

**https://dhr.ny.gov/**

DHR নিউ ইয়র্কের মানবাধিকার আইন বলবৎ করে, যা কর্মনিয়োগ, আবাসন, ঋণ, সরকারী বাসস্থানের জায়গাগুলিতে এবং অ-সাম্প্রদায়িক শিক্ষামূলক প্রতিষ্ঠানগুলিতে বয়স, জাতি, জাতীয় উৎস, লিঙ্গ, যৌন ঝোঁক, বৈবাহিক অবস্থা, প্রতিবন্ধকতা, সামরিক অবস্থা ও অন্যান্য সুনির্দিষ্ট শ্রেণীগুলির ভিত্তিতে বৈষম্যকে নিষিদ্ধ করেছে। আপনি DHR-এর অনুসন্ধানের জন্য বৈষম্যমূলক অনুশীলনের অভিযোগগুলি তাদের ওয়েবসাইটে অথবা (888) 392-3644 এ রিপোর্ট করতে পারেন।

**নিউ ইয়র্ক স্টেট অফিস ফর নিউ আমেরিকান্স (Office for New Americans, ONA)**

**https://www.newamericans.ny.gov/**

ONA 27টি পাড়া-ভিত্তিক **অপারচুনিটি সেন্টার** পরিচালনা করে যেগুলি আইনি সহায়তা, অন্য-ভাষাভাষীদের-জন্য-ইংরেজি (English-for-Speakers-of-other-Languages, ESOL) ক্লাস, নাগরিকত্বের অধিকারলাভে সহায়তা, শিল্পোদ্যোগ সংক্রান্ত প্রশিক্ষণ এবং সরকারী পরিষেবার সুযোগ পাওয়ার ওপরে কর্মশালা সমেত, বিভিন্ন ধরনের বিনামূল্য পরিষেবা প্রদান করে। বহুভাষিক **নিউ ইয়র্ক স্টেট নিউ আমেরিকান্স হটলাইন** (1-800-566-7636) 200টির বেশি ভাষায় অভিবাসন সংক্রান্ত বিনামূল্য ও গোপনীয় তথ্য এবং বিশ্বস্ত সহায়তার প্রতি রেফারাল প্রদান করে।

**দ্বিভাষিক শিক্ষা ও বিশ্বজনীন ভাষাগুলির অফিস (Office of Bilingual Education and World Languages, OBEWL)**

**http://www.nysed.gov/bilingual-ed**

নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগের OBEWL ইংরেজি ভাষা শিক্ষার্থী/বহুভাষিক শিক্ষার্থীদের (ELLs/MLLs) জন্য নির্দেশনা ও সংস্থান প্রদান করে। তাদের ওয়েবসাইট সর্বাধিক সাম্প্রতিকতম বিধিনিয়ম ও স্মারকলিপি ছাড়াও মা-বাবাদের জন্য সংস্থান এবং নিউ ইয়র্কের স্কুলগুলিতে ELL/MLL শিক্ষার্থীদের পরিবারের জন্য একটি হটলাইন প্রদান করে।

স্টেটব্যাপী জনসমাজ-ভিত্তিক সংস্থাসমূহ

**American Immigration Lawyers Association – নিউ ইয়র্ক চ্যাপ্টার**

http://www.ailany.org/

American Immigration Lawyers Association হল আইনজীবীদের একটি সংগঠন যা অভিবাসন আইনের চর্চা করে এবং শেখায়। তারা কয়েক হাজার U.S. ব্যবসা প্রতিষ্ঠান ও শিল্প, বিদেশী ছাত্রছাত্রী, বিনোদনকারী, খেলোয়াড় ও আশ্রয় প্রার্থীদের প্রতিনিধিত্ব করে, *প্রায়ই বিনামূল্যে* জনস্বার্থে।

**Asian American Federation**

http://www.aafny.org/

Asian American Federation নর্থইস্টে সমগ্র এশিয়ান সম্প্রদায় ব্যাপী পরিষেবা সংস্থাগুলির একটি নেটওয়ার্কের প্রতিনিধিত্ব করে। তারা স্বাস্থ্য ও মানব পরিষেবা, শিক্ষা, অর্থনৈতিক উন্নয়ন, নাগরিক অংশগ্রহণ ও সামাজিক ন্যায়ের ক্ষেত্রগুলিতে গবেষণা, নীতি বিষয়ক পক্ষসমর্থন, জনগণের সচেতনতা, এবং সংস্থাগত উন্নয়নের ওপরে কাজ করে।

**Empire Justice Center**

https://empirejustice.org/

Empire Justice Center হল একটি স্টেটব্যাপী সংস্থা যা নিউ ইয়র্কের গরীব ও বঞ্চিত মানুষদের আইনি অধিকারগুলিকে শক্তিশালী করতে চায়। তারা প্রশিক্ষণ, সহায়তা এবং আইনি পরিষেবার প্রযুক্তিগত সহায়তা প্রদান করে, মানুষকে সরাসরি দেওয়ানি আইনি সহায়তা দেয় এবং নীতিগত বিশ্লেষণ, গবেষণা ও ওকালতিতে অংশ নেয়।

**Hispanic Federation**

https://hispanicfederation.org/

Hispanic Federation হল একটি জাতীয় ল্যাটিনো অলাভজনক সদস্যতাভিত্তিক সংগঠন যা শিক্ষা, স্বাস্থ্য, অভিবাসন, নাগরিক অংশগ্রহণ, অর্থনৈতিক ক্ষমতায়ন ও পরিবেশের ক্ষেত্রগুলিতে কাজ করে। তারা তাদের সদস্য গোষ্ঠীগুলিকে পরিষেবা দেওয়ার পাশাপাশি ল্যাটিনো মানুষদের পক্ষসমর্থন করে এবং প্রত্যক্ষ সামাজিক পরিষেবাগুলির সাথে কমিউনিটি সহায়তা কার্যক্রম চালায়।

**Immigrant Defense Project**

https://www.immigrantdefenseproject.org/

Immigrant Defense Project প্রশিক্ষণ ও পরামর্শ, প্রভাবশালী মামলা, ওকালতি, সম্প্রদায়ের অংশগ্রহণ ও শিক্ষা, যোগাযোগ ও বার্তাবিনিময়ের মাধ্যমে যুক্তরাষ্ট্রে অভিবাসীদের জন্য ন্যায্যতা ও ন্যায় সুরক্ষিত করার লক্ষ্যে কাজ করে। তারা জনসমাজ ও আইনজীবীদের জন্য সংস্থান এবং বিনামূল্য আইনি পরামর্শের জন্য হটলাইন প্রদান করে।

**International Refugee Assistance Project (IRAP)**

https://refugeerights.org/

International Refugee Assistance Project শরণার্থী ও বাস্তুচ্যুত মানুষদের জন্য জনস্বার্থে *বিনামূল্যে* প্রত্যক্ষ আইনি সহায়তা, মামলা ও ওকালতি প্রদান করে, এছাড়াও এই জনসমষ্টিগুলির জন্য তথ্য ও সংস্থান প্রদান করে।

**National Association for the Advancement of Colored People (NAACP)**

https://www.nysnaacp.org/

NAACP সকল নাগরিকের জন্য রাজনৈতিক, শিক্ষামূলক, সামাজিক ও অর্থনৈতিক সাম্যের পক্ষসমর্থন করে এবং এমন একটি সমাজের পক্ষসমর্থন করে যেখানে জাতির

ভিত্তিতে কোনো বৈষম্য ছাড়াই সব মানুষের সমান অধিকার আছে। তারা নাগরিক অংশগ্রহণ, ফৌজদারী ন্যায়, শিক্ষা, স্বাস্থ্য ও অর্থনৈতিকভাবে টিকে থাকার ক্ষেত্রগুলিতে কাজ করে।

**New York Civil Liberties Union (NYCLU)**

https://www.nyclu.org/

New York Civil Liberties Union মামলা, ওকালতি, জনশিক্ষা, ও সমাজকে সংগঠিত করার একটি বহুস্তরীয় কর্মসূচির মাধ্যমে নাগরিক স্বাধীনতা ও নাগরিক অধিকারের জন্য লড়াই করে। নিউ ইয়র্ক স্টেট জুড়ে NYCLU-এর আটটি অফিস আছে এবং নাগরিক অধিকার লংঘনের প্রতিক্রিয়ায় আইনি পরিষেবা, তথ্য ও সংস্থান প্রদান করে।

**New York Immigrant Coalition (NYIC)**

https://www.nyic.org/

New York Immigrant Coalition হল নীতি ও ওকালতির একটি শাখা সংগঠন যা পুরো নিউ ইয়র্ক জুড়ে 200 এর বেশি অভিবাসী ও শরণার্থী অধিকার গোষ্ঠীর প্রতিনিধিত্ব করে। তারা ভোটারদের কাছে পৌঁছানো ও তাদেরকে সংহত করে, অভিবাসীদের সাথে সম্পর্কিত বিষয়গুলির ওপরে বহুভাষিক তথ্য সামগ্রী প্রদান করে, আইন ও নীতিসমূহের জন্য ওকালতি করে এবং অভিবাসন আইন ও অভিবাসীদের প্রভাবিত করে এমন অন্য বিষয়গুলির ওপরে বার্ষিক কর্মশালা ও প্রতিনিধিত্ব পরিচালনা করে।

**Parent-Child Home Program (PCHP)**

http://www.parent-child.org/

Parent-Child Home Program এর কার্যক্রমের স্থানগুলির নেটওয়ার্ক কম আয়যুক্ত পরিবারগুলিকে প্রয়োজনীয় দক্ষতা ও উপকরণ প্রদান করে যাতে তাদের শিশুদের স্কুলে ও জীবনে সর্বোচ্চ সম্ভাবনা অর্জন করা নিশ্চিত করা যায়। পুরো নিউ ইয়র্ক জুড়ে তাদের 29টি কর্মস্থল আছে যেগুলি বাড়ি পরিদর্শন, শিক্ষামূলক সংস্থান বিতরণ ও পঠনপাঠনের প্রস্তুতিতে যুক্ত আছে।

**Protecting Immigrant New Yorkers (PINY)**

https://protectingimmigrants.org/

Protecting Immigrant New Yorkers হল New York Immigrant Coalition এর আওতায় একটি কর্মী বাহিনী যা অভিবাসন পরিষেবার জালিয়াতির বিরুদ্ধে লড়ার জন্য সরকারী সংস্থা এবং জনসমাজ-ভিত্তিক সংস্থাগুলির মধ্যে সমন্বয়সাধন করে। তারা সেরা অনুশীলনের প্রসার ঘটায়, কথোপকথনে উৎসাহ দেয়, প্রতারকদের বিরুদ্ধে আইন বলবৎকরণের পদক্ষেপে সহযোগিতা করে, জন সচেতনতা বিজ্ঞাপনী প্রচার, আপনার অধিকার জানুন প্রচারপত্র এবং প্রতারণার বিরুদ্ধে উপভোক্তাদের জন্য উপদেশের মতো সামগ্রী প্রস্তুত করে।

# কৃতজ্ঞতা স্বীকার

এই নির্দেশিকা প্রস্তুত করায় যারা অবদান রেখেছেন তাদের সবার প্রতি আমরা কৃতজ্ঞতা স্বরূপ বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করতে চাই। এছাড়াও, আমরা নিম্নলিখিত প্রতিষ্ঠানগুলির দ্বারা প্রদত্ত সহায়তার প্রশংসা করি:

Advocates for Children

❖

Education Trust NY

❖

Hispanic Federation

❖

নিউ ইয়র্ক অভিবাসন সংগঠন (New York Immigration Coalition)

❖

Regional Bilingual Resource Networks (RBERNs)

**OFFICE OF BILINGUAL EDUCATION AND WORLD LANGUAGES**

**http://www.p12.nysed.gov/biling/bilinged/ OBEWL@NYSED.GOV**